'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2023

## CC5-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যটি কয়টি পালায় বিভক্ত ? এই পালাগানগুলিতে উল্লেখিত যে-কোনো তিনটি রাগের নাম লেখো।

(খ) ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে বেহুলার স্বর্গ পথ যাত্রায় কয়টি গ্রাম ও ঘাটের কথা বলা হয়েছে ? সেগুলির নাম লেখো।

(গ) মুকুন্দরাম চক্রবর্তী নিজ বাসভূমি ত্যাগ করে কার রাজসভায় আশ্রয় নিয়েছিলেন এবং কার পৃষ্ঠপোষকতায় 'চণ্ডীমঙ্গল' কাব্যটি রচনা করেছিলেন ?

(ঘ) 'হরিদত্তের বেটা হই জয়দত্তের নাতি'। — কার সম্বন্ধে এই উক্তি করা হয়েছে ? এরূপ বলার কারণ কী ?

(ঙ) চৈতন্যদেবের দ্বিতীয় পত্নীর নাম লেখো। দ্বিতীয় বিয়ের ব্যয়ভার কে বহন করেছিলেন ?

(চ) বৃন্দাবন দাসের 'চৈতন্যভাগবত' গ্রন্থের আদিখণ্ডে কয়টি অধ্যায় রয়েছে ? এই অধ্যায়গুলিতে চৈতন্য জীবনের কোন কোন বিষয় বর্ণিত হয়েছে ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যের নেত চরিত্রটির পরিচয় দাও।

(খ) ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে লোকসংস্কৃতির উপাদান সম্পর্কে আলোচনা করো।

(গ) 'বনের পশুরাও মুকুন্দরাম চক্রবর্তীর কাব্যে মানবিক মর্যাদা লাভ করেছে।' — প্রসঙ্গ নির্দেশ করে বক্তব্যটি আলোচনা করো।

(ঘ) মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যে 'নারীগণের পতিনিন্দা' অংশে কবির কৌতুকরসের পরিচয় দাও।

(ঙ) 'চৈতন্যভাগবত' গ্রন্থ অবলম্বনে চৈতন্যের বাল্য-লীলার পরিচয় দাও।

(চ) 'চৈতন্যভাগবত' গ্রন্থে চৈতন্যদেবের যে মহিমা প্রকাশ পেয়েছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে চাঁদ সদাগর চরিত্রে যে সাহস ও সংগ্রামী মনোভাবের প্রকাশ ঘটেছে তার বর্ণনা দাও।

(খ) মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যে উপন্যাসের যে যে লক্ষণ প্রতিভাত হয়েছে তা দৃষ্টান্তসহ আলোচনা করো।

(গ) 'ফুল্লরার বারমাস্যা' অংশে মুকুন্দরামের সমাজ অভিজ্ঞতার পরিচয় ব্যক্ত করো।

(ঘ) বৃন্দাবন দাসের 'চৈতন্যভাগবত' গ্রন্থের আদিখণ্ডে আর্থ-সামাজিক ও রাজনৈতিক অবস্থার যে চিত্র প্রকাশ পেয়েছে তার স্বরূপ আলোচনা করো।

——×——